

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

জাহানাবাদ সেনানিবাস, খুলনা

ইউনিক আইডি তথ্যফরম সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, জাহানাবাদ সেনানিবাস, খুলনা এর ৬ষ্ঠ-১২শ শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক শিক্ষার্থীদের ইউনিক আইডি (UID) প্রদানের লক্ষ্যে সরবরাহকৃত তথ্যফরম যথাযথভাবে পূরণ করে নিম্নলিখিত ডকুমেন্টস সংযুক্ত করে জমা দিতে হবে।

- ১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ২ কপি (স্কুল ড্রেস পরে, দুই কান এবং দুই চোখ স্পষ্ট দেখা যাবে এবং ব্যাকগ্রাউন্ড সাদা হবে)।
- ২। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি ১ টি (সঠিক ভেরিফিকেশনের জন্য জন্ম সনদ ১৭ ডিজিটের অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত হতে হবে)।
- ৩। শিক্ষার্থীর রক্তের গ্রুপ সনাক্তের মেডিকেল রিপোর্টের ফটোকপি ১ টি।
- ৪। মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ১ টি (পরিচয়পত্রের অপর পৃষ্ঠায় মাতার মোবাইল নাম্বারটি লিখে দিতে হবে)।
- ৫। মাতার জন্ম নিবন্ধনের ফটোকপি ১ টি।
- ৬। পিতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ১ টি (পরিচয়পত্রের অপর পৃষ্ঠায় পিতার মোবাইল নাম্বারটি লিখে দিতে হবে)।
- ৭। পিতার জন্ম নিবন্ধনের ফটোকপি ১ টি।
- ৮। পিতা-মাতা উভয়ই জীবিত না থাকলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ১ টি।
- ৯। শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের সমাপনী পরীক্ষার সনদের ফটোকপি ১ টি (৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
- ১০। প্রাথমিক/ইবতেদায়ী সমাপনী পরীক্ষার সনদের ফটোকপি ১ টি (৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
- ১১। পিইসি/ইবতেদায়ী, জেএসসি/জেডিসি, এসএসসি/দাখিল/ভোকেশনাল পরীক্ষার নম্বরফদ (ট্রান্সক্রিপ্ট) এর ফটোকপি ১টি।
- ১২। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী সার্টিফিকেটের ফটোকপি ১টি।

ইউনিক আইডি কোড প্রদানের লক্ষ্যে ৩০ মে ২০২১ থেকে ০২ জুন ২০২১ শিক্ষার্থীদের ফরম বিতরণ করা হবে। পূরণকৃত ফরম ০৩ জুন ২০২১ থেকে ১০ জুন ২০২১ পর্যন্ত সকাল ১০টা থেকে বেলা ০১টা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে গ্রহণ করা হবে। ইউনিক আইডির জন্য প্রয়োজনীয় কাগজপত্র এবং শিক্ষার্থীর তথ্য ফরম যথাযথভাবে পূরণ করে শ্রেণি শিক্ষকের নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হল।

বি: দ্র: তথ্য ফরমটি কলেজ ওয়েবসাইট থেকে অথবা ব্যানবইস <http://www.banbeis.gov.bd> থেকে ডাউনলোড করে নিতে পারবে। অথবা স্বশরীরে কলেজে এসে সংগ্রহ করতে পারবে।

অধ্যক্ষ

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

জাহানাবাদ সেনানিবাস, খুলনা